

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১০৪

৮. খাদ্য অধ্যায় (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ২৮. ওয়ালীমা (বিবাহোত্তর ভোজ) প্রসঙ্গে

بَاب فِي الْوَلِيمَةِ

আরবী

أَخْبَرَنَا أَبُو الْمُغِيرَةِ حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ عَنْ الزُّهْرِيِّ عَنْ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّهُ قَالَ شَرُّ الطَّعَامِ طَعَامُ الْوَلِيمَةِ يُدْعَى إِلَيْهَا الْأَغْنِيَاءُ وَيُتْرَكُ الْمَسَاكِينُ وَمَنْ تَرَكَ الدَّعْوَةَ فَقَدْ عَصَى اللَّهَ وَرَسُولَهُ

বাংলা

২১০৪. আবূ হুরাইরাহ রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত। তিনি বলেন, "সবচেয়ে নিকৃষ্ট খাদ্য হলো সেই ওয়ালীমার খাদ্য, যাতে কেবল ধনীদেরকে দাওয়াত করা হয় এবং গরীবদেরকে পরিত্যাগ করা হয়। আর যে ব্যক্তি দাওয়াত কবুল করে না, সে আল্লাহ্ ও তাঁর রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে অবাধ্যতা করে।"[1]

ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী মুসলিম কর্তৃক সম্মিলিত ভাবে বর্ণিত।

তাখরীজ: বুখারী, নিকাহ ৫১৭৭; মুসলিম, নিকাহ ১৪৩২। আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৫৮৯১ ও সহীহ ইবনু হিব্বান নং ৫৩০৪, ৫৩০৫ ও মুসনাদুল হুমাইদী নং ১২০৪, ১২০৫ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন